

## 📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নম্বরঃ ৭৫৩ [আন্তর্জাতিক নম্বরঃ ৩৯২]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. সালাতের মধ্যে ঝুঁকে পড়ার সময় এবং সোজা হয়ে উঠার সময় 'আল্লাহু আকবার' বলতে হবে, কিন্তু রুকু থেকে উঠার সময় "সামি'আল্লাহু লিমান হামিদাহ" বলতে হবে

باب إثبات التكبير في كل خفض ورفع في الصلاة إلا رفعه من الركوع فيقول فيه سمع الله لمن حمده

আরবী

وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، كَانَ يُصَلِّي لَهُمْ فَيُكَبِّرُ كُلَّمَا خَفَضَ وَرَفَعَ فَلَمَّا انْصَرَفَ قَالَ وَاللَّهِ إِنِّي لَأَشَبَّهُكُمْ صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

৭৫৩-(২৭/৩৯২) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... আবু সালামাহ ইবনু আবদুর রহমান (রহঃ) হতে বর্ণিত। আবু হুরাইরাহ (রাযিঃ) তাদের সালাত আদায় করে দেখাতেন। তিনি প্রতিবার ঝুঁকে পড়ার সময় এবং সোজা হওয়ার সময় আল্লাহু আকবার বলতেন। তিনি সালাত শেষে বলতেন, আল্লাহর শপথ! আমি তোমাদের চেয়ে অধিক পরিমাণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাতের সাথে সাদৃশ্যপূর্ণ সালাত আদায় করতে পারি। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৫১, ইসলামিক সেন্টারঃ ৭৬৪)

## English

Abu Salama reported:

Abu Huraira led prayer for them and recited takbir when he bent and raised himself (in ruku' and sujud) and after completing (the prayer) he said: By Allah I say prayer which has the best resemblance with the prayer of the Prophet (ﷺ) amongst you.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমী □ বর্ণনাকারীঃ আবু সালামাহ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47506>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন